দামুড়হুদায় ‘ওরা বন্ধু সংঘ’র ঈদ সামগ্রী উপহার বিতরণ

দামুড়হুদা উপজেলা সদরের প্রাণকেন্দ্রে অবস্থিত সম্পূর্ণ অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ওরা বন্ধু সংঘ’ এর উদ্যোগে সপ্তাহব্যাপী কর্মসূচির দ্বিতীয় দিনে দামুড়হুদা উপজেলা সদরের প্রাণকেন্দ্রে অবস্থিত সম্পূর্ণ অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ওরা বন্ধু সংঘ’ এর উদ্যোগে সপ্তাহব্যাপী কর্মসূচিরকার্পাসডাঙ্গা ইউনিয়নে ৭৫ জন বিধবা, অসহায়, প্রতিবন্ধী ও বয়স্ক দিনমজুর নারী-পুরুষের মাঝে ঈদ সামগ্রী উপহার বিতরণ করা হয়েছে। স্থানীয়রা সংগঠনের এমন মানবিক উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টায় উপজেলার সীমান্তবর্তী কার্পাসডাঙ্গা ইউনিয়নের পিরপুরকোল্লা গ্রামে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে এই ঈদ সামগ্রী উপহার বিতরণ করা হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মো. মুরশেদ বীন ফয়সাল (তানজির)। প্রদত্ত ঈদ সামগ্রীর মধ্যে ছিল সেমাই, চিনি, সুজি, দুধ, সাবান, শ্যাম্পু, আলু, ডালডা প্রভৃতি।

ঈদ সামগ্রী উপহার হাতে পেয়ে ভালোবাসায় অভিভূত একাধিক উপকারভোগী জানান, ঈদ উপলক্ষে যে উপহার ও ভালোবাসা আমরা পেলাম তা আমাদের জন্য অনেক। যাদের আয়োজনে আজকের এই উপহার হাতে পেলাম, আল্লাহতালা তাদের ভালো রাখুন।

‘ওরা বন্ধু সংঘ’-এর সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক, প্রেসক্লাবের সহ-সভাপতি ও দৈনিক সমকালের জেলা প্রতিনিধি মিরাজুল ইসলাম মিরাজের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার আক্তারুল ইসলাম, ইঞ্জিনিয়ার সালাউদ্দিন আহমেদসহ উপকারভোগীরা।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মো. মুরশেদ বীন ফয়সাল (তানজির) বলেন, সরাসরি উপস্থিত থেকে আপনাদের হাতে সামান্য এই উপহার তুলে দিতে পেরে নিজেকে ধন্য মনে করছি। ২০০৩ সালে সংগঠনের যাত্রা শুরুর পর থেকে অদ্যাবধি সমাজের উন্নয়ন ও কল্যাণে কাজ করে যাচ্ছে ‘ওরা বন্ধু সংঘ’।

তিনি আরও বলেন, সমাজের কয়েকজন মানুষের সহযোগিতায় সংগঠনটি

শীতবস্ত্র বিতরণ, ঈদ সামগ্রী বিতরণ, মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ প্রদান, রক্তদান কর্মসূচি, বৃক্ষরোপণ ও ঈদবস্ত্র বিতরণসহ বিভিন্ন মানবিক কার্যক্রম পরিচালনা করে আসছে। সমাজের সুবিধাবঞ্চিত মানুষের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি করার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েই আজকের এই আয়োজন।

তিনি আশা প্রকাশ করেন, উপস্থিত সবাই সংগঠনের এই ভালোবাসার উপহার সাদরে গ্রহণ করে ভবিষ্যতেও সংগঠনের কল্যাণে পাশে থাকবেন এবং সংগঠনের সকল সদস্যদের জন্য দোয়া করবেন।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে শীতবস্ত্র উপহার কম্বল বিতরণ

“হাসবো মোরা প্রাণ খুলে, থাকবো বেঁচে সবাই মিলে”- এই শ্লোগানে দামুড়হুদার ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে শীতবস্ত্র উপহার কম্বল বিতরণ করা হয়েছে। একই সাথে স্বেচ্ছাসেবী সংগঠন বন্ধু সংঘ’র পূর্ব ঘোষিত ৪ দিনব্যাপী শীতবস্ত্র উপহার বিতরণের কর্মসূচীর সমাপনী করা হয়।

সাংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে, এর আগে ১১ দামুড়হুদা সদর ও হাওলি ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিধবা, এতিম, অসহায় ও দিনমজুর পরিবারের মাঝে শীতবস্ত্র উপহার বিতরণের মাধ্যমে তার দিন পারু কর্মসূচি সুবোধ পালন করা হয়েছিলেন।

এরই ধারাবাহিকতায় গতকাল বিকাল সাড়ে ৩ টায় উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া সীমান্তবর্তী গ্রামে সংগঠনের ও প্রতিষ্ঠাতা সভাপতি, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মুরশেদ বীন ফয়সাল (তানজির)- এর সভাপতিত্বে এলাকার বিধবা, ভিক্ষুক, অসহায় দিনমজুর পরিবারের মাঝে শীতবস্ত্র উপহার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,বিশিষ্ট সমাজ সেবক দেশ ব্রিকস এর স্বত্বাধিকারী হাজী মো:আব্দুল কাদির।শীত বস্ত্র বিতরণের মহতী উদ্যোগ কারো কারো জীবনে বড় কষ্ট দূর করতে পারেন উল্লেখ করে শীতবস্তুফার বিতরণের পূর্বে সংক্ষিপ্ত বক্তব্য তিনি বলেন, শীত মৌসুমের কনকনে শীতে তাদের অসহায়ত্ব আমাদের বিবেককে নাড়া দেয়। আমাদের প্রত্যেকের সামর্থ্য অনুযায়ী এমন মহৎ উদ্যোগ বাস্তবায়নে সংগঠন কিংবা ব্যক্তির পাশে থাকা আমাদের নৈতিক ও সামাজিক দায়িত্ব।

তিনি আরও বলেন, আজকের এই আয়োজনে সংগঠনের বন্ধু হয়েছেন যারা তাদের সকলের ব্যক্তিগতভাবে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সর্বোপরি সংগঠনটির এমন প্রচেষ্টা আর্ত মানবতার সেবায় অবদান রাখবেন বলে বিশ্বাস করি।

ওরা বন্ধু সংঘ’র সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক, প্রেসক্লাবের সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ইঞ্জিনিয়ার আক্তারুল ইসলাম ইউপি সদস্য নূর মোহাম্মদ,সংগঠনের সহ-সভাপতি আসলাম মিয়া প্রমুখ।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইঞ্জিনিয়ার সাজু আহমেদ, সাব্বির হোসেন, শেখ হাতেম, জহুরুল ইসলাম, সজল আহমেদ সহ উপস্থিত উপকারভোগী নারী-পুরুষ।

এমন সকল মানবিক কর্মসূচি বাস্তবায়নে সমাজের সচ্ছল, ধনী ব্যক্তিদের পাশে দাঁড়ানোর উদাত্ত আহ্বান জানিয়ে সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মুরশেদ বিন ফয়সাল (তানজির) বলেন, শীত মৌসুমে বাংলাদেশে শৈত্য প্রবাহ ও সংশ্লিষ্ট কারণে প্রতিবছর প্রায় ২’শ ৮১ জন মানুষের মৃত্যু হয়।

আমাদের দেশে তাই তিন কোটিরও বেশি মানুষ মানবতার জীবন যাপন করে আসছেন শীতবস্ত্রের অভাবে, যদিও আমাদের মৌলিক চাহিদাগুলোর মধ্যে বস্ত্র অন্যতম। তিনি আরো বলেন, বিভিন্ন অনিয়ম-দুর্নীতি আর অর্থ পাচারের মাধ্যমে লুটেরা ধনিক শ্রেণীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পেলেও অসচ্ছল নিম্নবিত্ত পরিবারগুলো পূর্বের ন্যায় একই রয়ে গেছেন। অপ্রিয় হলেও সত্য যে,৭১,৯০ ও ২৪ বারবার মানুষের স্বপ্ন,আশা কিংবা আকাঙ্ক্ষা ধুলিস্যাৎ হয়েছে।কাজেই সমাজের মানুষ হিসেবে আমাদের দায়বদ্ধতা থেকেই”ওরা বন্ধু সংঘ”সমাজের পিছিয়ে পড়া মানুষের জন্য শীতবস্ত্র উপহার তুলে দিচ্ছেন।

[redacted]

[redacted] “[redacted]”[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] “[redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]” [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

শীতবস্ত্র হাতে পেয়ে অনুভূতি প্রকাশ করেন, ৬৫ ঊর্ধ বিধবা উজানী, কমলা, খিলা খাতুন জানান, এর আগে আমরা কখনো কোনো প্রতিষ্ঠান বা সরকারিভাবে কম্বল পায়নি। এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রথম শীতবস্ত পেলাম। যে সে পড়ছে এই শীতে বাঁচবো কি মরবো জানিনা। এই কম্বলটা পেয়ে অন্তত কিছুদিন শান্তিতে ঘুমাতে পারবো। আমরা দোয়া করি এই প্রতিষ্ঠানে যারা আছে তারা আরো বেশি বেশি মানুষের পাশে থাকুক। তাদের জন্য আমরা দোয়া করি আল্লাহ তাদেরকে আরও বেশি বেশি অসহায় দুস্থ বিধবা মানুষের পাশে দাঁড়িয়ে সহযোগিতা করতে পারে।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মুরশেদ বীন ফয়সাল (তানজির) বলেন, আমাদের সমাজের সংগতি সম্পন্ন ও সচ্ছল মানুষের ঘরে শীতকাল আনন্দ ও খুশির বার্তাবহ হলেও দেশের বৃহত্তর জনজীবনে ঈদ বেদনার ধূসর বার্তা বাহক মাত্র।

শীতকালীন সময়ে শীতবস্ত্রের অনেক প্রয়োজন থাকলেও আমাদের সংগঠন ওরা বন্ধু সংঘ গুটি কয়েক মানুষের সহযোগিতায় আপনাদের মধ্যে শীতবস্ত্র পৌঁছে দিতে পারছি, এটি সত্যি আনন্দের। দামুড়হুদায় ওরা বন্ধু সংঘের উদ্যোগে শীতবস্ত্র উপহার বিতরণ কর্মসূচি’র শুভ উদ্বোধন করা হয়েছে। আমরা বিশ্বাস করি, এরই মাধ্যমে প্রকাশ পায় আপনাদের প্রতি আমাদের মমত্ব ও ভালবাসা।

আমাদের সংগঠনের জন্য দোয়া করবেন, যারা আমাদের এ কার্যক্রম চালিয়ে যাওয়ার অনুপ্রেরণা দিয়েছেন সহযোগিতা করেছেন তাদের সকলের জন্য দোয়া করবেন। সর্বোপরি আপনাদের সকলের সুস্বাস্থ্য মঙ্গল কামনা করছি।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘের উদ্যোগে শীতবস্ত্র উপহার বিতরণ

দামুড়হুদায় ‘ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে উপজেলার বিভিন্ন গ্রামের বিধবা, এতিম, প্রতিবন্ধী, স্বামী পরিত্যাক্তা, বৃদ্ধা ও অসহায়

দামুড়হুদার এসিল্যান্ড এইচ তাসফিকুর রহমানকে ওরা বন্ধু সংঘের বিদায় সংবর্ধনা

দামুড়হুদায় দুর্নীতিমুক্ত ভূমি অফিস গড়ে তোলায় সহকারী কমিশনার (ভূমি) (এসিল্যান্ড) এইচ তাসফিকুর রহমানকে “ওরা বন্ধু সংঘ” দামুড়হুদার পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত ৯টায় সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ে তাকে এ বিদায় সংবর্ধনা দেওয়া হয়।

“প্রজাতন্ত্রের মালিক জনগণ, একজন সরকারি কর্মচারী তার সেবক মাত্র” সংবিধানের এই কথাটি হৃদয়ে ধারণ করে ভূমি সেবা গ্রহীতাদের মাঝে হয়রানিমুক্ত ভূমি সেবা প্রদান করে অনন্য দৃষ্টান্ত গড়েছেন বিদায়ী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট কে এইচ তাসফিকুর রহমান। ফলে তার কর্মদক্ষতা, সততা ও নিষ্ঠার জন্য সম্পূর্ণ অলাভজনক, অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সংগঠন “ওরা বন্ধু সংঘ” তাকে সংবর্ধনা প্রদান করে।

সৎ, যোগ্য ও চৌকস এ ভূমি কর্মকর্তা মাত্র ১ বছর ৫ মাসের সংক্ষিপ্ত কর্মকালেই তার কর্মদক্ষতার মাধ্যমে ভূমি কার্যালয়কে হয়রানি ও দুর্নীতিমুক্ত পরিবেশে মানসম্মত ভূমি সেবা প্রদান, সেবাগ্রহীতাদের আস্থা অর্জন এবং ভূমি সেবায় উন্নত দৃষ্টান্ত স্থাপন করেছেন। ভূমি সেবা উন্নয়ন ও সেবামূলক কর্মকাণ্ডে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে গেছেন। তার সকল অবদান শ্রদ্ধার সাথে স্মরণ ও সম্মান জানিয়ে “ওরা বন্ধু সংঘ” এ সংবর্ধনা প্রদান করেন।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি এবং দামুড়হুদা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মুরশেদ বীন ফয়সাল তানজিরের নেতৃত্বে, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক ও দামুড়হুদা প্রেস ক্লাবের সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজের সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা বিশিষ্ট সমাজসেবক হাজী আব্দুল কাদির, হাফিজুর রহমান কাজল, সদস্য শেখ হাতেম, তিতুয়ার, রবিউল আওয়াল রুবেল, খালিদ

সাইফুল্লাহ প্রমুখ।

সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত বক্তারা এসিল্যান্ড এইচ তাসফিকুর রহমানের কর্মজীবনের প্রশংসা করে বলেন, সরকারের জনবান্ধব কর্মকর্তা কাকে বলে এবং একজন জনবান্ধব কর্মকর্তা কীভাবে জনগণের সেবা প্রদান করেন তা স্বল্প সময়ের মধ্যেই তিনি প্রমাণ করেছেন। তিনি অত্র কার্যালয়ে যোগদানের পর নিজের সরকারি দপ্তরকে গড়ে তুলেছেন একটি জনবান্ধব প্রতিষ্ঠানে। যেখানে ভূমি অফিসের ভোগান্তি, সাধারণ মানুষের হয়রানি ও দুর্নীতির অভিযোগ ছিল, সেখানে ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছ ও জবাবদিহিমূলক সেবার ব্যবস্থা গ্রহণ করে জনগণের মাঝে প্রিয় হয়ে উঠেছিলেন সহকারী কমিশনার (ভূমি) এইচ তাসফিকুর রহমান। সর্বোপরি, এমন একজন কর্মকর্তাকে হারাতে চলেছি, যিনি ছিলেন ভূমি সেবা ও উন্নয়নে উপজেলা বাসীর জন্য আশীর্বাদ। এমন একজন কর্মকর্তা চলে যাওয়ার যে শূন্যতা, তা সহজে পূরণ হবার নয়। আমরা তার সার্বিক মঙ্গল ও উন্নতি কামনা করি।

সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি মুরশেদ বীন ফয়সাল (তানজির) বলেন, কে এইচ তাসফিকুর রহমান মহোদয় অত্র কার্যালয়ে যোগদানের পরবর্তী সময় থেকে ভূমি কার্যালয় দুর্নীতিমুক্ত হয়েছে। সর্বস্তরের সেবাগ্রহীতারা কোনো রকম হয়রানি ও দুর্নীতি ছাড়া শতভাগ সেবা পেয়েছেন। একজন কর্মকর্তা কতটা আন্তরিকভাবে সরকারের সেবা নিশ্চিত করতে পারেন, তা এই কর্মকর্তাকে না দেখলে বুঝতাম না। তার সততা, নিষ্ঠা ও কর্মদক্ষতার মাধ্যমে তিনি সাধারণ মানুষের আস্থা অর্জনে সক্ষম হয়েছেন, যা একটি কর্মকর্তার জন্য চরম প্রাপ্তি বলে আমি ব্যক্তিগতভাবে মনে করি। তার চলে যাওয়া হয়রানিমুক্ত ও দুর্নীতিমুক্ত ভূমি সেবা প্রত্যাশীদের জন্য অপূরণীয় ক্ষতি। তবে তার কর্মগুণের কারণে দামুড়হুদা উপজেলার সকল শ্রেণি-পেশার মানুষ তাকে সম্মানের সাথে মনে রাখবেন।

বিদায়ী এসিল্যান্ড উপজেলা বাসীর মঙ্গল কামনা করে সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, উপজেলার সকল ভূমি সেবাগ্রহীতার প্রত্যাশা পূরণে সর্বোচ্চ চেষ্টা করেছি। কর্মক্ষেত্রে কাজের কোনো গাফিলতি করিনি। ভূমি সেবায় মানুষের ভোগান্তি কমানোর চেষ্টা করেছি এবং কার্যালয়কে শতভাগ দুর্নীতিমুক্ত রেখেছি। ফলে মানুষের সঙ্গে সুসম্পর্ক তৈরি হয়েছে। কাজের ক্ষেত্রে সাংবাদিক সমাজ, রাজনৈতিক ব্যক্তিবর্গসহ সকল শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা পেয়েছি। এমন ভালোবাসার প্রতিদান আমি কখনো দিতে পারবো না। এখানকার সকলের ভালোবাসা আমাকে আজীবন ঋণী করে রাখবে। তবুও একজন মানুষ হিসেবে

এসিল্যান্ড ও পৌর প্রশাসক হিসেবে দায়িত্ব পালনের সময় যদি কারো মনে কষ্ট দিয়ে থাকি, আমাকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন। সর্বোপরি স্বেচ্ছাসেবী সংগঠন “ওরা বন্ধু সংঘ” এর সফলতা ও উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র আয়োজনে ঈদ সামগ্রী উপহার বিতরণ

“এসো ভালো কাজে পাশে থাকি, সুষ্ঠু সমাজ গঠন করি” স্লোগানকে ধারণ করে “ওরা বন্ধু সংঘ, দামুড়হুদার আয়োজনে দামুড়হুদা উপজেলা সদরে বিভিন্ন গ্রামের প্রায় অর্ধশত বিধবা অসহায়, প্রতিবন্ধী, দরিদ্র পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী সেমাই, সুজি, চিনি, বাদাম-কিসমিস, তেজপাতা, মশলা, লবন, পেঁয়াজ, শ্যাম্পু, হুইল পাউডার, বিতরণ করা হয়েছে।

গতকাল বিকাল সাড়ে ৪ ঘটিকার সময় দামুড়াহুদা ব্রিজ রোডস্থ প্রতিষ্ঠানটির অস্থায়ী কার্যালয়ে ওই ঈদ উপহার সামগ্রী বিতরণ ও শুভেচ্ছা বিনিময় করা হয়।

“ওরা বন্ধু সংঘ’র প্রতিষ্ঠাতা সভাপতি সাংবাদিক তানজীর ফয়সালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন সংগঠনটির উপদেষ্টা, বাংলাদেশ জাতীয় শ্রমিকলীগের দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি হাজী আব্দুল কাদির। বিতরণ পূর্বে সংক্ষিপ্ত বক্তব্যের শুরুতেই সংগঠনটির সংঙ্গে সংশ্লিষ্টদের প্রশংসা ও কল্যাণ কামনা করেন।

তিনি বলেন, দীর্ঘদিন যাবত দেখে আসছি সংগঠন ক্ষুদ্র পরিসরে হলেও অসহায়, বিধবা, প্রতিবন্ধী সহ আমাদের আশপাশের অসহায় মানুষের পাশে দাড়িয়ে আসছেন। যা অত্যন্ত ভালো কাজ, যা সবাই পারেন না। উপকার ভোগীদের উদ্দেশ্য তিনি বলেন, আপনারা সকলেই প্রতিষ্ঠানটির জন্য দোয়া করবেন। আমি নিজেও প্রতিষ্ঠানটির সাফল্য লাভ করছি, পাশাপাশি

আমি সর্বত্র সংগঠনটির পাশে থাকব ইনশাআল্লাহ।

“ওরা বন্ধু সংঘ’র উপদেষ্টা শিক্ষক সাংবাদিক হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বাসস্ট্যান্ড বাজার বণিক সমিতির সভাপতি মাকসুদুর রহমান রতন, ওরা বন্ধ সংঘ’র সমাজ কল্যান বিষয়ক সম্পাদক সংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ প্রমূখ।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে “উষ্ণতার ছোঁয়ায় আমরা,এই শীতে শীতবস্ত্র নিয়ে আপনাদের পাশে” স্লোগানকে ধারণ করে বিগত বছরগুলোর ন্যায় এ বছরেও শীতার্ত বিধবা, গরীব, দুস্থ ও অসহায়দের মাঝে শীত বস্ত্র বিতরণ করেছেন। উপজেলার চারটি ইউনিয়নের অর্ধশতাধিক মানুষের মধ্যে শীত নিবারনের জন্য শীতবস্ত্র(কম্বল) বিতরণ করা হয়। এতে শীতার্ত ওই মানুষগুলোর মুখে ফুটেছে হাসি।

আজ শনিবার দুপুর আড়াইটার দিকে প্রতিষ্ঠানটির অস্থায়ী কার্যালয়ে ওই শীতবস্ত্র বিতরণ কর্মসূচি পালন করা হয়।

ওরা বন্ধু সংঘ’র” প্রতিষ্ঠাতা সভাপতি সাংবাদিক মুরশেদ বীন ফয়সাল(তানজীর) এর সভাপতিত্বে বিতরণ কালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা শ্রমিকলীগের সভাপতি বিশিষ্ট সমাজ সেবক হাজী মো.আব্দুল কাদির।

শীতার্ত অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ সত্যিই আনন্দের এমন অনুভূতি প্রকাশ করে অসহায় গরীব, বিধবা দরিদ্র মানুষের কল্যানে কাজ করার জন্য “ওরা বন্ধু সংঘ” র ভূয়সী প্রশংসা করে তিনি বলেন,শীতের সময়ে বিভিন্ন স্থানে বস্ত্রহীন মানুষের দেখার মত মানুষের সংখ্যা কমই রয়েছেন। অবশ্য সেবামূলক এই সংগঠনটির সাথে নিজেকে দীর্ঘদিন জড়িত রেখে বুঝেছি,সংগঠনটির সকল কার্যক্রম সত্যিকার অর্থে প্রসংশার দাবি রেখে চলেছেন,এজন্য আয়োজকদেরকে

জানাচ্ছি অভিনন্দন।

তিনি আরও বলেন, কনকনে শীত দরিদ্র জনগোষ্ঠীর উপর বিরূপ প্রভাব ফেলে সমাজের অসহায় মানুষগুলোকে আরও অসহায়ত্ব করে তোলেন।এই শীতে শীতার্ত অসহায় দরিদ্র মানুষের প্রতি সমাজের সামর্থ্যবান মানুষের সাহায্য সহানুভূতির হাত সম্প্রসারিত করে এসকল মানুষেরমাঝে পর্যন্ত পরিমাণ শীতবস্ত্র বিতরণ করে পাশে থাকাও আহবান জানিয়ে অতীতের মতোই তিনি অত্র সংগঠনটির সকল উন্নয়ন ও জনকল্যাণমূলক কার্যাক্রমে পাশে থাকার আশাব্যাক্ত করেন।

ওরা বন্ধু সংঘ’র উপদেষ্টা শিক্ষক ও সাংবাদিক মো. হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী প্রকৌশলী মো.ইমরান হোসেন,দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মো: মাকসুদুর রহমান রতন। সংগঠনের সমাজ কল্যান বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ,সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মো: নেছার আহমেদ সহ সংগঠনটির সদস্যগণ।

শীতবস্ত্র বিতরণ কর্মসূচির পূর্বে সংগঠনটির প্রতিষ্ঠাতা সভাপতি শীতার্ত অসহায়,দরিদ্র মানুষের পাশে সমাজের বিত্তশালীদের দাঁড়ানোর আহ্বান জানিয়ে বলেন,এ বছরে কিছু মানুষের আন্তরিকতা ও সহযোগিতায় আজকে অর্ধ শতাধিক মানুষের হাতে “ওরা বন্ধু সংঘ” দামুড়হুদা, চুয়াডাঙ্গার পক্ষ থেকে উপজেলা সদরের আশপাশের গ্রামের অসহায়, দরিদ্র, বিধবা ও বয়স্কদের হাতে শীত নিবারনের জন্য শীতবস্ত্র তুলে দেওয়া হচ্ছে। পাশাপাশি আরো কিছু শীতবস্ত্র আগামী বুধবারের মধ্যে বৃদ্ধা, অসুস্থ প্যারালাইসিজ রোগে বিছানায় রয়েছেন তাদেরকে বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উপস্থিত সুবিধাভোগীদের উদ্দেশ্যে তিনি বলেন,আপনাদের মাঝে এই শীতে শীতবস্ত্র তুলে দিতে পেরে ভালো লাগছে। এই শীত আসেন কারো কাছে রং বাহারির পোশাক গায়ে জড়ানো, আবার কারো কারো কাছে বেঁচে থাকার লড়াই। এই শীতে উপস্থিত সহ তাদের পরিবারের শিশু ও বৃদ্ধাদের বাড়তি যত্ন নেওয়ার আহ্বান জানিয়ে তিনি উপস্থিত সকলের নিকট যাদের সহযোগিতায় শীতবস্ত্র বিতরণ করতে পারছি তাদের ও তদের পরিবারের জন্য দোয়া কামনা করেন।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে নিন্মআয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী উপহার

দামুড়হুদা উপজেলার অন্যতম স্বেচ্ছাসেবী সংগঠন ” ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে এলাকার দরিদ্র,অসহায়, প্রতিবন্ধী,বিধবা ও নিন্মআয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী উপহার পৌঁছে দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২ টা থেকে সন্ধ্যা পর্যন্ত সংগঠনের পক্ষ থেকে ঈদপূর্বে ঈদ সামগ্রীর এ উপহার সামগ্রী সেমাই, সুজি,চিনি, সাবান,শ্যাম্পু, লবন, তেজপাতা, বাদাম,কিসমিস, আলু,পেয়াজ ও রসুন পৌঁছে দেওয়া হয়।

ঈদ সামগ্রী বিতরণে নেতৃত্ব দেন সংগঠনটির সভাপতি সাংবাদিক তানজীর ফয়সাল, উপদেষ্টা মন্ডলীর সদস্য,ইমরান হোসেন ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুর ইসলাম মিরাজ।ঈদ সামগ্রী বিতরণ কালে সভাপতি তানজীর ফয়সাল বলেন, ২০০৩ সালের জানুয়ারিতে সম্পুর্ন অরাজনৈতিক ও অলাভজনক সংগঠন হিসেবে গড়ে তোলা হয়েছিলেন।আর এর পর থেকেই শুরু হয় সংগঠনটির পথচলা।

সংগঠনটি প্রতি বছরের শীত মৌসুমে শীতবস্ত্র,মাক্স বিতরণ কার্যক্রম পালন করে থাকেন।পাশাপাশি ঈদ পূর্বে ঈদ সামগ্রী বিতরণ সহ বিভিন্ন কাজ করে সংগঠনটি কাজ করে চলছে।তারই ধারাবাহিকতায় প্রবিত্র ঈদুল-উল ফিতর-২০২৩ উদযাপন ও ঈদুল ফিতরের আনন্দধারা সকলকের মাঝে পৌঁছে দেওয়ার লক্ষ্যে ” ওরা বন্ধু সংঘ’র ঈদ সামগ্রী বিতরণের ছোট্ট প্রয়াস।

আগামীতেও সংগঠনটির এমন কার্যক্রম সর্বদা অব্যাহত থাকবে জানিয়ে তিনি আরও বলেন,প্রিয় সংগঠন ” ওরা বন্ধু সংঘ’র পাশে থেকে যারা ঈদুল ফিতর উপলক্ষে ঈদ সামগ্রী বিতরণ কার্যক্রমকে সহজ ও স্বার্থক করেছেন তাদের প্রত্যেকের আন্তরিকভাবে ধন্যবাদ।” ওরা বন্ধু সংঘ ” আগামীতেও সমাজের কল্যাণে কাজ করে যাবে জানিয়ে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে আহব্বান জানান।

প্রসঙ্গত- দামুড়হুদা উপজেলার দশমী,হাউলী, দেউলী,চিৎলা সহ বিভিন্ন এলাকার প্রায় ৩৫টি পরিবারের মাঝে ঈদ পূর্বে” ঈদ উপহার ” সামগ্রী বিতরণ করা হয়।দীর্ঘদিন সংগঠনটি সমাজের নিন্ম- মধ্যবিত্ত মানুষের সহযোগীতা করে আসছেন।ফলে সংগঠনটির কার্যাবলীরতে সর্বমহলে হচ্ছে প্রশংসিত

দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র ও মাস্ক বিতরণ

দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র (কম্বল) ও মাক্স বিতরণ করা হয়েছে। শীতার্ত অসহায় মানুষের সামান্য উষ্ণতা দিতে সামাজিক দায়বদ্ধতার বিষয়টি মাথায় রেখে বিগত বছরগুলোর ন্যায় সেচ্ছাসেবী এ সংগঠনটি’র আয়োজনে এবারও শীতবস্ত্র (কম্বল) ও মাস্ক বিতরণ করা হয়।

শনিবার বিকালে দামুড়হুদা দশমী সরকারি প্রাইমারি স্কুলে কম্বল ও মাস্ক বিতরণ করা হয়। “ওরা বন্ধু সংঘ’র সভাপতি সাংবাদিক তানজীর ফয়সালের সভাপতিত্বে কম্বল ও মাস্ক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলার শ্রমিকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির।

প্রধান অতিথির বক্তব্যে বলেন, মানবিক সমাজ প্রতিষ্ঠায় “ওরা বন্ধু সংঘ” প্রতিষ্ঠানটি প্রায় ২যুগ যাবত বিভিন্ন সামাজিক কার্যক্রম চালিয়ে আমাদের সমাজের আশপাশের নিন্মবিত্ত, মধ্যবিত্ত মানুষের মনে আশার প্রদীপ জ্বালিয়ে যাওয়ার মতো কাজ করে আসছে। এ ধরনের আয়োজন করার জন্য প্রতিষ্ঠানটির জন্য সর্বদাই আমার সহযোগিতা থাকবে ইনশাআল্লাহ। আশা করি আমাদের দামুড়হুদাতে প্রতিষ্ঠানটির কার্যক্রম আরো সম্প্রসারিত হবে বলে আমি বিশ্বাস করি।

সংগঠনটির উপদেষ্টা মন্ডলীর সদস্য শিক্ষক হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন,জাগ্রত জনতা (সেবামূলক প্রতিষ্ঠান এর প্রতিষ্ঠাতা) প্রাণী চিকিৎসক

মোঃজাহাঙ্গীর আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রকৌশলী মোঃ ইমরান হোসেন, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বাসস্ট্যান্ড বাজার বনিক সমিতির সভাপতি মাকসুদুর রহমান রতন, দামুড়হুদা প্রেসক্লাবের সাবেক সেক্রেটারি শামসুজ্জোহা পলাশ।

এসময় আরও উপস্থিত ছিলেন “ওরা বন্ধু সংঘ’র সহ-সভাপতি আসলাম মিয়া, সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ সহ ক্লাবের সদস্যবৃন্দ।